



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর : রাশিবো/উমা/পনি- ২১৩

তারিখ : ০৫/০৪/২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার নতুন কেন্দ্র স্থাপন এবং কেন্দ্র পরিবর্তনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী ২৯/০৪/২০২১ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

১. প্রস্তাবিত কেন্দ্রের অধ্যক্ষ নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন করবেন।
২. নতুন কেন্দ্র স্থাপনের জন্য আবেদনে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং কেন্দ্র পরিবর্তনের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ফিস সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার রশিদ আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।
৩. যে সকল প্রতিষ্ঠান এম পি ও ভুক্ত নয় এবং ভাড়া বাড়ীতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে কেন্দ্রের জন্য তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৪. রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের ছক ডাউনলোড করে পূরণকৃত ছক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।
৫. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসকের মাধ্যমে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট যথাসময়ে প্রেরণ করতে হবে।
৬. প্রস্তাবিত কেন্দ্রটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর অনুমোদন পেলে পরবর্তী যে সকল শিক্ষা প্রতিষ্ঠান উক্ত কেন্দ্রের অধীনে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সম্ভাব্য পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ পূর্বক সুস্পষ্ট ঘোষণাসহ প্রদত্ত সম্মতিপত্রের মূলকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

বিশেষ দৃষ্টব্যঃ

- ক. ইতঃপূর্বে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এইচ, এস, সি পরীক্ষা-২০২১ সালের নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন করেছেন তাদেরকে নির্ধারিত ছক অনুযায়ী পুনরায় আবেদন করতে হবে।
- খ. নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- গ. অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।

দৃষ্টি আকর্ষণ:

অধ্যক্ষ,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
এর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট সকল
শিক্ষা প্রতিষ্ঠান।

(মোঃ আরিফুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী